নির্বাচনে সেনা বাহিনী মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে মাঠে থাকবে

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পরিবেশ নিয়ন্ত্রণে রাখতে সশস্ত্র বাহিনী, পুলিশ, বিজিবি, র্যাবসহ সব বাহিনী ২৯ ডিসেম্বর মাঠে নামবে। তারা মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে ১০ জানুয়ারি পর্যন্ত ১৩ দিন দায়িত্ব পালন করবে।

গতকাল বৃহস্পতিবার (২১ ডিসেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব মো. মোস্তাফিজুর রহমানের জারি করা এক পরিপত্রে এসব নির্দেশনা সংশ্লিষ্ট সবাইকে পাঠানো হয়েছে।

পরিপত্রে বলা হয়, নির্বাচনের দিন প্রতিটি ভোটকেন্দ্রে ১৫ থেকে ১৭ জন নিরাপত্তা রক্ষাকারী সদস্য নিয়োজিত থাকবেন।

নির্বাচনকালীন পুলিশ, র্যাব, বিজিবি, আর্মড পুলিশ, আনসার ব্যাটালিয়ন ও কোস্টগার্ড এবং সশস্ত্র বাহিনী ভোটের আগে-পরে ১৩ দিনের জন্য মোতায়েন থাকবে।

এতে আরো বলা হয়, ২৯ ডিসেম্বর থেকে ১০ জানুয়ারি পর্যন্ত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সশস্ত্র বাহিনী মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে দায়িত্ব পালন করবে। এ ছাড়া পুলিশ, আনসার-ভিডিপিসহ ভোটকেন্দ্রের নিরাপত্তা রক্ষাকারী সদস্যরা পাঁচ দিনের জন্য মোতায়েন থাকবে। ভোটের আগের দুদিন থেকে তাদের মোতায়েন করা হবে।

আগামী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে ২৭টি দল ও স্বতন্ত্র প্রার্থী নিয়ে মোট বৈধ প্রার্থীর সংখ্যা দাঁড়িয়েছে এক হাজার ৮৯৬ জন। তবে উচ্চ আদালত থেকে নির্দেশনা এলে এ সংখ্যা আরো বাড়তে বা কমতে পারে। এই নির্বাচনে ভোটকেন্দ্র ৪২ হাজার ১০৩টি।

আর ভোটার সংখ্যা ১১ কোটি ৯৬ লাখ ৯১ হাজার ৬৩৩। এদের মধ্যে পুরুষ ভোটার ৬ কোটি ৭ লাখ ৭১ হাজার ৫৭৯ জন এবং নারী ভোটার ৫ কোটি ৮৯ লাখ ১৯ হাজার ২০২ জন। আর হিজড়া ভোটার রয়েছেন ৮৫২ জন।

চার লাখ ছয় হাজার ৩৬৪ জন প্রিজাইডিং অফিসার, দুই লাখ ৮৭ হাজার ৭২২ জন সহকারী প্রিজাইডিং অফিসার এবং পাঁচ লাখ ৭৫ হাজার ৪৪৩ জন পোলিং অফিসার, মোট নয় লাখ নয় হাজার ৫২৯ জন ভোটগ্রহণ কর্মকর্তা নির্বাচনে দায়িত্ব পালন করবেন।

মেহেরপুরে নারীতে রূপান্তরিত হয়েছে হিজড়ারা

দীর্ঘ আন্দোলন সংগ্রামের পর লিঙ্গ হিসেবে হিজড়া সাংবিধানিক স্বীকৃতি লাভ করে। কিন্তু ভোটার তালিকা হালনাগাদের পর মেহেরপুরের হিজড়া ভোটারদের নারীতে রূপান্তরিত করেছে জেলা নির্বাচন অফিস।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মেহেরপুরে দুইটি আসনে প্রকাশিত চুড়ান্ত ভোটার তালিকায় দেখা যায় সমগ্র জেলায় হিজড়া ভোটার মাত্র ২ জন। সংখ্যাটি নিয়ে বিভিন্ন মহালে শুরু চলছে মিশ্র প্রতিক্রিয়া। জেলাতে হিজড়ার সংখ্যা নিয়েও বিভিন্ন সরকারি দপ্তর ভেদে রয়েছে অস্পষ্টতা। ভোটার তালিকায় হিজরা সংখ্যা মাত্র ২ জন দেখালেও জেলা পরিসংখ্যান অফিস বলছে হিজড়া সংখ্যা ২৬, হিজড়াদের প্রতিনিধি বলছে মেহেরপুরে তাদের সংখ্যা ২৯ জন, জেলা সমাজসেবা অধিদপ্তরে বলছে হিজরা সংখ্যা ২৫ আবার তাদের উপকার ভোগীর তালিকায় সংখ্যাটা ৩০ জনের।

ভোটার তালিকা হালনাগাদে এবারই প্রথম হিজড়া ভোটারদের তথ্য সংগ্রহ ও প্রকাশ করেছে নির্বাচন কমিশন।

জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বি মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘আমাদের কাছে যে সকল হিজরারা প্রশিক্ষণ ও বিভিন্ন সরকারি সুবিধা নিয়েছেন জাতীয় পরিচয় পত্র অনুযায়ী সকলের লিঙ্গ হিজড়া। নির্বাচন কমিশনের চূড়ান্ত ভোটার তালিকায় যে সংখ্যাটা দেখানো হচ্ছে সেটা সঠিক নয়। কেন এমন হলো ব্যাখ্যাটা উনারাই দিতে পারবেন। ‘

জেলা পরিসংখ্যান অফিস মেহেরপুরের উপ-পরিচালক মোঃ বছির উদ্দীন বলেন, ‘আমাদের সর্বশেষ শুমারি অনুযায়ী মেহেরপুর জেলায় মোট হিজড়া’র সংখ্যা ২৬ জন।’

হিজড়াদের পরিচয়ের স্বীকৃতির দীর্ঘ আন্দোলনের পর ২০১৩ সালের ১৩ নভেম্বর মন্ত্রিসভার বৈঠকে হিজড়াদের ‘লিঙ্গ পরিচয়কে’ রাষ্ট্রীয় স্বীকৃতি দিয়ে এ সংক্রান্ত ‘নীতিমালা অনুমোদন করা হয়।

২০১৪ সালের ভোটার নিবন্ধন বিধিমালা প্রণয়নের সময়ই নির্বাচন কমিশন ‘হিজড়া’র অপশন প্রস্তাবিত নিবন্ধন ফরমে যুক্ত করে। কিন্তু ভোটার তালিকা আইন ও ভোটার তালিকা বিধিমালা সংশোধন না হওয়ায় ইতোপূর্বে তা কার্যকর সম্ভব হয়নি। ২০১৮ সালে বিধিমালা সংশোধনের পর এবারই প্রথম তাদের তথ্য সংগ্রহ ও প্রকাশ করেছে নির্বাচন কমিশন। দ্বাদশ সংসদ নির্বাচনের মনোনয়ন ফর্মেও লিঙ্গ হিসেবে নারী ও পুরুষের পাশাপাশি হিজরা রাখা হয়েছে। ২০১৮ সালে তৎকালীন প্রধান নির্বাচন কমিশনার জানিয়েছিলেন একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পূর্বে ভোটার তালিকা হালনাগাদ করার সময় নাই। এজন্য হিজড়ারা তাদের পছন্দ অনুযায়ী পুরুষ বা নারী যেকোনো একটি অপশন পছন্দ করে ভোটার হতে পারবে। ভোটার তালিকার পরবর্তী হালনাগাদে তাদের হিজড়া ভোটার হিসাবে অন্তর্ভুক্ত করে তালিকাভুক্ত হবে।

হিজরাদের প্রতিনিধি সুমি খাতুন বলেন, ‘মেহেরপুর জেলায় আমাদের মোট সংখ্যা ২৯ জন। এরমধ্যে মেহেরপুর সদরে ১৯ জন ও গাংনীতে ১০ জন। আমরা সকলেই অনেক আগে থেকেই নারী ভোটার হিসাবে তালিকাভূক্ত। নতুন করে ভোটার হিসেবে আমাদের তালিকা হালনাগাদ করা হয়নি।’

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মো: ওয়ালিউল্লাহ মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘মেহেরপুরে হিজড়া ভোটাররা নারী ভোটার হিসেবে আগে থেকেই তালিকাভুক্ত ছিলেন। নতুন যারা ভোটার হবেন আমরা তাদেরকে হিজড়া ভোটার দেখাবো। অন্যরা আগের তালিকাতেই থাকবেন। এ বছর গাংনীতে নতুন দুজন ভোটার হয়েছেন। আমরা তাদেরকে হিজড়া ভোটার হিসাবে দেখিয়েছি। অন্যদের আমরা আগের তালিকাতেই রেখেছি।’

মুজিবনগর স্মৃতিসৌধে মুক্তিজোটের নির্বাচনী ইশতেহার ঘোষণা

মেহেরপুরের ঐতিহাসিক মুজিবনগরে নির্বাচনী ইশতেহার ঘোষণা করেছে বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট। এর মাধ্যমেই দলটির নির্বাচনী প্রচারণা আনুষ্ঠানিক ভাবে শুরুহলো।

আজ বৃহস্পতিবার (২১ ডিসেম্বর) দুপুরে বাংলাদেশের প্রথম সরকারের শপথগ্রহণের ঐতিহাসিক স্থান মুজিবনগর স্মৃতিসৌধের পাদদেশে দলের কেন্দ্রীয় নেতারা একত্রিত হয়ে মুক্তিজোটের ইশতেহার ঘোষণা করেন।

২৩ দফা সম্বলিত ইশতেহার ঘোষণা করেন মুক্তিজোট সংগঠনের প্রধান আবু লায়েস মুন্না। এ সময় মুক্তিজোট নেতারা দেশের আর্থসামাজিক উন্নয়নে তাদের ২৩ দফা পালনে শপথ গ্রহনের মাধ্যমে অঙ্গীকার করেন। এই সময় মুক্তিজোট সংগঠনের পরিচালনা বোর্ড প্রধান শাহ জামাল আমিরুল, কন্ট্রোল বোর্ড প্রধান বদরুজ্জামান রিপন, মজিবুল হক সহ কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ইশতেহারে সংগঠনটি স্থানীয় সরকার শক্তিশালীকরণ, ইউনিয়ন পর্যায়ে পোষ্ট অফিসকে কার্যকর করা, রেমিট্যান্স বৃদ্ধি, গণমাধ্যমকর্মী ও কবি-সাহিত্যিকদের জন্য আর্থিক সুবিধা বৃদ্ধি, কৃষক শ্রমিক প্রবাসীদের জন্য বীমা ব্যবস্থা, চা শিল্প ও গার্মেন্টেস শ্রমিকদের জন্য বেতন বৃদ্ধির নিশ্চয়তা, ক্ষুদ্র নৃগোষ্টির জীবনমান উন্নয়ন, তৃতীয় লিঙ্গের নিরাপত্তা নিশ্চিতকরণ, শ্রমিকদের অংশীদারিত্বের মাধ্যমে শিল্পকলকারখানা বৃদ্ধিকরণ সহ ২৩ দফা দাবী উত্থাপন ও বাস্তবায়নে আন্দোলন সংগ্রাম চালিয়ে যাওয়ার অঙ্গীকার করা হয় এই সময়।

মেহেরপুরের আমদহ ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার রাতে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লাভলী ইয়াসমিন, মেহেরপুর মহিলা পৌর আওয়ামী লীগের সভাপতি রেহেনা মান্নান, সপুরা খাতুন সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে বাস ও ড্রাম ট্রাকের মুখোমুখি সংঘর্ষ, আহত-১০

গাংনীর বামন্দীতে গোল্ডেন এক্সক্লুসিভ পরিবহন ও একটি ড্রাম ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ১০ জন আহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার ২১ ডিসেম্বর সকাল সাড়ে নয়টার সময় গাংনী উপজেলার বামন্দী বাস স্ট্যান্ডের সন্নিকটে এই সড়ক দূর্ঘটনা সংগঠিত হয়। দুর্ঘটনার পরপরই বাসটির চালক হেলপার ঘটনাস্থল ছেড়ে পালিয়ে যায়। এসময় সড়কে বেশ কিছু সময় যানবাহন চলাচল বন্ধ ছিলো।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঢাকা থেকে ছেড়ে আসা গোল্ডেন লাইন পরিবহন ও মেহেরপুর থেকে ছেড়ে আসা দ্রুতগামী ড্রাম ট্রাকের মুখোমুখি সংঘর্ষে এ হতাহতের ঘটনা ঘটে। আহতরা স্থানীয় ক্লিনিগুলোতে প্রাথমিক চিকিৎসা নিয়ে স্থান ত্যাগ করেছে বলে তাদের পরিচয় সনাক্ত করা সম্ভব হয়নি।

বামন্দী পুলিশ ফাঁড়ির আইসি এসআই শরিফুল ইসলাম ঘটনা সত্যতা নিশ্চিত করেছেন।

অবৈধভাবে ভারত যাওয়ার চেষ্টা, মুজিবনগর সীমান্তে আটক ২

বিনা পাসপোর্টে ভারত যাওয়ার চেষ্টা করতে যেয়ে মেহেরপুরের মুজিবনগরে দুইজন আটক হয়েছে। বিজিবি’র ৬ডি কোম্পানি মুজিবনগর বিওপি তাদের আটক করে। আটককৃতদের মুজিবনগর থানায় মামলা দায়েরপূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে।

গতকাল বুধবার ২০ ডিসেম্বর রাতে বিজিবি একটি টহল দল মুজিবনগর সীমান্ত এলাকা থেকে তাদের আটক করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে রবিবার ২১ ডিসেম্বর মুজিবনগর থানায় মামলা দায়ের পূর্বক তাদের আদালতে সোপর্দ করা হয়েছে।

জানা গেছে, মুজিবনগর এর মাঝপাড়া গ্রামের সোনাপুর বাজারের মৃত আয়ুব আলীর ছেলে এনামুল হক ও মৃত মোজাম ভিকটিম উম্মে কুলসুমের
(৩৩) অসহায়ত্বের সুযোগ নিয়ে প্রতারণার উদ্দেশ্যে মিথ্যা প্রলোভনে অবৈধ ভাবে ভারতে পাচার করার উদ্দেশ্যে নিজেদের হেফাজতে আটকে রাখে। উম্মে কুলসুম কক্সবাজারের টেকনাফ উপজেলার কেরুনতলী গ্রামের সালামত উল্লাহর মেয়ে।

বিজিবি টহল দল সোনাপুর বাজারে জনৈক কামাল উদ্দিনের বাড়ীর সামনে পৌঁছালে একজন পুরুষ ও একজন মহিলা কৌশলে সেখান থেকে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। ঘটনাস্থলে স্থানীয় সাক্ষীসহ আরো লোকজনের উপস্থিতিতে বিজিবি সদস্যরা তাদেরকে আটক করে জিজ্ঞাসাবাদ করে। জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে তাহারা উপরোক্ত নাম-ঠিকানা প্রকাশ করে। এবং জানা যায় উম্মে কুলসুম (৩৩) মোবাইল ফোনের মাধ্যমে মোঃ এনামুল আলীর সাথে যোগাযোগ করে টেকনাফ থকে বাস যোগে মুজিবনগর আসে। জিজ্ঞাসা কাদের সময় উম্মে কুলসুম জানান তিনি এনামুলের সাথে ভারতে যাবেন বলে এখানে এসেছেন।

মুজিবনগর থানা পুলিশ ঘটনার সত্যতা নিশ্চিত করেছে।

গাংনীতে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়োজনে তৃাামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রাণী, সহকারী কমিশনার ভুমি নাদির হোসেন শামীম, গাংনী থানার ওসি তদন্ত মনোজ কুমার।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কৃষি অফিসার ইমরান আহমেদ, উপজেলা শিক্ষা অফিসার নাসিরুদ্দিন, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম হোসেন, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, তেতুলবাড়িয়া ইউনিয়ন

পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার হোসেন পাশা, সাংবাদিক রফিকুল আলম বকুল সহ অনুষ্ঠানে টাস্কফোর্সের সদস্যরা উপস্থিত ছিলেন।

সভার শুরুতে টাস্কফোর্সের সদস্যসচিব উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রাণী তামাক নিয়ন্ত্রণে সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন।

এছাড়া তিনি ২০৪০ সালের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর তামাক নির্মুল ও প্রতি বছরে তামাক নিয়ন্ত্রণের বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। তিনি তামাকের কারণে শারিরীক, মাসসিক ও অর্থনৈতিক ক্ষতর বিভিন্ন দিক নিয়ে আলোশনা করেন।

ছাত্রলীগের সভাপতি বাঁধন, মানেন না সংগঠনের গঠনতন্ত্র

বাংলাদেশ ছাত্রলীগের গঠণতন্ত্র মোতাবেক ব্যবসায়ী ও বিবাহিত কোন ব্যক্তি ছাত্রলীগের কমিটিতে থাকতে পারবেন না। কিন্তু এ দুটি অসঙ্গতি রয়েছে মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের।তিনি এক কন্যা সন্তানের পিতা, পেশায় ঠিকাদার ব্যবসায়ী। ছাত্রলীগের জেলা কমিটির মেয়াদ অনেক আগে শেষ হলেও এখন পদের লোভে নতুন কোন সম্মেলনও করেননি।

কিন্তু তিনি কোন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র তা কেউ জানেন না। ছাত্রলীগের সভাপতির দায়িত্ব পালনকালে বিয়ে করেছেন। প্রায় বছর হতে চললো সন্তানের বাবাও হয়েছেন। কিন্তু তাতে কি? ছাত্র বা বিবাহিত যাই হোন না কেন তিনি জেলা ছাত্রলীগের সভাপতির মত লাভজনক পদ এখনো ছাড়েননি। কেউ তাকে ছাড়াতে পারেনওনি।

ছাত্রলীগের সভাপতির পদ পাওয়ার পর থেকে ক্ষমতার শীর্ষে থেকে তিনি হয়েছেন কোটিপতি। ছাত্র না থাকলেও তিনি মায়ের নামে ঠিকাদারি প্রতিষ্ঠান তৈরি করে বিভিন্ন দপ্তরের কাজ করছেন। অনলাইন জুয়ার সাথেও রয়েছে তার সখ্যতা। নিজেও অনলাইন জুয়ার পরিচালনা করেন বলে

তিনি আরো বলেন, এক বছরের জন্য কমিটি দেওয়া হলেও মেহেরপুরের রাজনৈতিক ছত্রছায়ায় পূণাঙ্গ কমিটি হওয়ার চার বছর পার হলেও এখনো কোন সম্মেলন বা নতুন কমিটি দেওয়া হয়। আমরা কেন্দ্রের কাছে দাবী করেছি, কোন অছাত্র, ব্যবসায়ী এবং বিবাহিত ব্যক্তি ছাত্রলীগে না রেখে নেতাকর্মীদের মাঝে থেকে নেতৃত্ব তৈরি করা হোক।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ও জেলা আওয়ামী লীগের বর্তমান সদস্য আব্দুর রাজ্জাক বলেন, ছাত্রলীগের কোন সদস্য বিবাহিত হলে অথবা ব্যবসার সাথে জড়িত হলে সেটা গঠণতন্ত্র বিরোধী এবং অনৈতিক। এ ব্যাপারে বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সংসদের ব্যবস্থা নেওয়া উচিত।

কয়েক মাস ধরে মোবাইল, হুয়াটসআপ, মেসেঞ্জার বিভিন্ন মাধ্যমে জেলা ছাত্রলীগের সভাপতির সাথে কথা বলার চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি এমনকি কোন রেসপন্স করেননি। এ বিষয়ে কেন্দ্রীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ ইনানের মোবাইলেও ফোন করা হলে ফোনটি রিসিভ হয়নি।

আলমডাঙ্গায় মেম্বার এ্যাসোসিয়েশনে সঙ্গে স্বতন্ত্র প্রার্থী রাজের মতবিনিময় সভা

বাংলাদেশ ইউনিয়ন পরিষদ মেম্বার এ্যাসোসিয়েশন আলমডাঙ্গা উপজেলা ও চুয়াডাঙ্গা জেলা শাখার আয়োজনে এম এ রাজ্জাক খান (রাজ) এর ফ্রীজ মার্কায় ভোট দেওয়ার সমর্থনে বিভিন্ন ইউনিয়ন পরিষদদের মেম্বারদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার রাত ৮ টার দিকে বাবুপাড়া কমিউনিটি সেন্টারে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপজেলা ও জেলা মেম্বার এ্যাসোসিয়েশনের সকল মেম্বারগন ফ্রীজ মার্কায় ভোট দেওয়ার

অঙ্গিকার বদ্ধ হন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বতন্ত্র (ফ্রীজ) প্রতিকের প্রার্থী এম এ রাজ্জাক খান (রাজ)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য ও বাংলাদেশ ইউনিয়ন পরিষদ মেম্বার এ্যাসোসিয়েশনের আহবায়ক মজনুর রহমান জান্টু, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাড়াদি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান।

মেম্বার এ্যাসোসিয়েশনের যুগ্নআহবায়ক লিটন মোল্লার সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন রফিকুল ইসলাম বাবু, সামাদ খাঁন, জাহাঙ্গীর খাঁন।

এসময় বক্তব্য রাখেন, মেম্বার রাজন, মাসুদা পারভিন, নজরুল ইসলাম, সাবিনা ইয়াসমিন, আলমঙ্গীর হোসেন, ঠান্টু রহমান, রংপতি বেগম, ওহিদুল ইসলাম, রেহানা খাতুন, ইদ্রিস আলী, নাসিমা খাতুন, মনিরুজ্জামান, মানারুল ইসলাম, নজরুল ইসলাম, জাহানারা খাতুন, রোকসানা খাতুন, ববিতা খাতুন প্রমূখ।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন ডাউকি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান লাভলু ইসলাম।

মেহেরপুর সদর উপজেলায় প্রফেসর আব্দুল মান্নানের নির্বাচনী অফিস উদ্বোধন

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের নির্বাচনী অফিস উদ্বোধনের আয়োজন করা হয়।

আজ বুধবার রাতে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীক নির্বাচনী অফিস উদ্বোধনের আয়োজন করা হয়।